ভোরের কাগজ

24

তারিখ ... SEP. 22 1999
পৃষ্ঠা 1 কলাম 8

# ভর্তি ফি কমানোর বিষয় বিবেচনার ঘোষণা দিয়েছেন জা. বি উপাচার্য

কাগজ ডেস্ক : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আলাউদ্দিন আহমেদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বর্ধিত ভর্তি ফি কমানোর বিষয়ে বিবেচনা করার ঘোষণা দিয়েছেন। গতকাল বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ফি বৃদ্ধি প্রতিরোধ পরিষদের নেতৃবৃন্দের সঙ্গে এক আলোচনা সভায় উপাচার্য ৩ দিনের সমঝোতা ও সৌহার্দমূলক আলোচনার পরিপ্রেক্ষিতে এ ঘোষণা দেন। তবে তিনি ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের ভর্তি প্রক্রিয়া অব্যাহত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন।

সভায় উপ-উপাচার্য অধ্যাপক আব্দুল

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## ভর্তি ফি কমানোর বিষয় বিবেচনায়

● প্রথম পাতার পর

বায়েস, কোষাধ্যক্ষ অধ্যাপক শরীফ এনামুল কবিরসহ সিন্ডিকেট সদস্য, অনুষদ ডিন, পরিচালক, রেজিস্ট্রার, হল প্রভোস্ট, প্রক্টর ও বিভাগীয় প্রধানরা উপস্থিত ছিলেন।

নেতৃবৃন্দের সঙ্গে সমঝোতার লক্ষ্যে সিন্ডিকেট সদস্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানকে আহ্বায়ক করে ৪ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। কমিটির অন্য সদস্যরা হলেন প্রভোস্ট কমিটির সভাপতি অধ্যাপক নুরুল আলম, প্রক্টর অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী ও শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক সৈয়দ কামরুল আহসান।

এদিকে কর্তৃপক্ষ ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি সময়সূচি পুনঃনির্ধারণ করেছেন। ই সময়সূচি অনুযায়ী মেধা তালিকার ছাত্রছাত্রীদের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত এবং অপেক্ষমান তালিকার ছাত্রছাত্রীদের ৯ অক্টোবর থেকে ২১ অক্টোবর পর্যন্ত ভর্তি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।